অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল চরম আবহাওয়া থেকে নিউ ইয়র্কবাসীদের রক্ষা করতে স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তনে সাহায্য করার জন্য ব্যাপক প্রচেষ্টার ঘোষণা করেছেন

গভর্নর, সম্প্রদায়, ঘরবাড়ি, পরিকাঠামো এবং আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার জন্য নীতিগুলির উন্নয়ন করেছেন

এর মধ্যে অন্তর্ভুক্ত আছে বন্যার ক্ষয়ক্ষতি মেরামত এবং বন্যা প্রশমনের উন্নতিতে অর্থায়নের জন্য 'রেসিল্যান্ট & রেডি' কর্মসূচী

স্টেটব্যাপী জরুরী পরিষেবা এবং বন্যা প্রতিরোধমূলক ব্যবস্থা এবং অনবরত আলো জ্বালিয়ে রাখার সরঞ্জামগুলিতে বিনিয়োগ

গভর্নর হোকল তাঁর 2024 স্টেট অফ দ্যা স্টেট এর অংশ হিসাবে, নিউইয়র্কবাসীকে চরম আবহাওয়া থেকে রক্ষা করার জন্য আজ একটি সর্বাঙ্গীণভাবে সহনশীল পরিকল্পনা ঘোষণা করেছেন। অত্যাধিক বৃষ্টি, প্রচণ্ড ঝড়, তীব্র গরম এবং ভয়াবহ ঠাণ্ডার পর, নিউইয়র্কে আরও দ্রুত পুনরুদ্ধারকারী সম্প্রদায় গড়ে তোলার এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের সাথে মানিয়ে নেওয়ার জন্য এই পরিকল্পনায় একাধিক পদক্ষেপের রূপরেখা নেওয়া হয়েছে। আজকের ঘোষণার ভিত্তি হল, নিউইয়র্কের জলবায়ু পরিবর্তনকারী নির্গমন কমানোর জন্য জাতীয় নেতৃস্থানীয় পদক্ষেপ।

গভর্নর হোকল বলেন, "গত এক বছরে, নিউইয়র্ক ঘন ঘন চরমতম আবহাওয়ার পরিস্থিতির সাথে খুব পরিচিত হয়ে উঠেছে। যখন আমরা নিউইয়র্ক জুড়ে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে আক্রমণাত্মকভাবে হ্রাস করছি, তখন আমাদের একই সাথে এটাও নিশ্চিত করতে হবে যে আমাদের সম্প্রদায়, বাড়ি এবং পরিকাঠামোগুলো যেন দ্রুত পুনরুদ্ধারকারী হয় এবং এই আসন্ন ঝড়গুলি সহ্য করতে পারে। নিউইয়র্কবাসীদের নিরাপত্তা আমার সর্বোচ্চ অগ্রাধিকার, এবং এই প্রয়োজনীয় পদক্ষেপগুলি আমাদের রাজ্যকে আগামী প্রজন্মের জন্য সুরক্ষিত রাখবে।"

আমাদের ঘরবাড়ি সুরক্ষিত রাখা

সমুদ্রপৃষ্ঠের ক্রমবর্ধিত উচ্চতার নাগালের মধ্যেই আছে বিপুল পরিমাণে মূল্যবান রিয়েল এস্টেট এবং পরিকাঠামো। গভর্নর হোকল ভবিষ্যতের বন্যা থেকে নিউ ইয়র্কের ঘর এবং ব্যবসা রক্ষা করার জন্য একগুচ্ছ নীতিমালা প্রস্তাব করেছেন। কর্মসূচির মধ্যে রয়েছে:

- ভবিষ্যতে আসা ঘূর্ণিঝড়ের আগে স্বল্প ও মাঝারি আয়ের বাড়ির মালিকদের দ্রুত পুনরুদ্ধার পাওয়ার প্রচেষ্টাকে সমর্থন করতে একটি পরিচালনযোগ্য তহবিল তৈরি করার জন্য **রেসিল্যান্ট & রেডি কর্মসূচি তৈরি করা।** এই কর্মসূচির মাধ্যমে বাড়ি এবং সম্প্রদায় পুনর্নবীকরণ (Homes and Community Renewal, HCR)-কে বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে ঝড়ের পর প্রয়োজনীয় মেরামতের জন্য সহায়তা করবে এবং সক্রিয় বন্যা প্রশমন উন্নতির ব্যয় বহন করবে।
- বন্যার জন্য সবথেকে ঝুঁকিতে থাকা এলাকাগুলোতে স্বেচ্ছাসেবী পুনর্নির্মাণ কর্মসূচিতে উৎসাহ দেওয়ার জন্য **ব্লু বাফার স্বেচ্ছাসেবী পুনর্নির্মাণ কর্মসূচি** তৈরি করা হচ্ছে। এই কর্মসূচিতে প্রথমে প্রসারিতকরণ ও শিক্ষাকে অগ্রাধিকার দেওয়া হবে এবং তারপর বন্যার ঝুঁকির মাত্রার উপর ভিত্তি করে স্বেচ্ছাসেবী প্রকল্পগুলি চিহ্নিত করা শুরু করা হবে, যাতে আমরা আমাদের সেইসব সম্প্রদায়গুলিকে রক্ষা করতে পারি যারা উচ্চমাত্রার জল এবং ঝড়ের কারণে সবচেয়ে বেশি বিপদগ্রস্ত পরিস্থিতির মধ্যে আছে।
- **কোডস কাউন্সিলকে** নির্দেশনা দেওয়া হচ্ছে যে, 2024 সালের আন্তর্জাতিক বিল্ডিং কোড আপডেট করার জন্য **বিল্ডিং কোডস ডিজাইন**কে সংশোধন করতে হবে, যার গুরুত্বপূর্ণ অংশের মধ্যে রয়েছে চরমতম বায়ুপ্রবাহ, তুষারপাত এবং তাপমাত্রা প্রতিরোধের জন্য উচ্চতর গুণমান।

<u>আমাদের সম্প্রদায়কে রক্ষা করা</u>

পূর্বাভাস থাকা ঝড়ের হাত থেকে রক্ষা করার নিউইয়র্কবাসীদের প্রস্তুত এবং রক্ষা করার জন্য, গভর্নর হোকল:

- **স্টেটব্যাপী দুর্যোগ মোকাবেলায় বড় বিনিয়োগ** করবেন, যাতে স্থলভাগে আরও বেশীসংখ্যক অবস্থা মোকাবিলার লোকজন নিযুক্ত করা যায়, প্রশিক্ষণ এবং প্রস্তুতি উন্নত করা যায়, এবং আসার সাথে সাথে উদ্‌ভূত দুর্যোগের মোকাবেলা করা যায়।
- স্থানীয় ও কাউন্টি অংশীদারদের অতিরিক্ত জেনারেটর, উচ্চ প্রবাহের পাম্প এবং বন্যা প্রতিরোধী প্রযুক্তি সরবরাহের জন্য মাতৃভূমি নিরাপত্তা এবং আপৎকালীন পরিষেবা বিভাগকে (Division of Homeland Security and Emergency Services , DHSES) নির্দেশ দেওয়া, যাতে **স্থানীয়দের বন্যা প্রতিরোধ এবং আলো জ্বালিয়ে রাখার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম দিয়ে সজ্জিত করা** হয়। নিউইয়র্ক কাউন্টিগুলির জন্য, বন্যা প্রতিরোধক প্রযুক্তি, জেনারেটর, পাম্প, এবং সহায়ক সরঞ্জামের ব্যবহার প্রসারিত করবে এবং এগুলির ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য অর্থায়ন করবে।
- অসুবিধাগ্রস্ত সম্প্রদায়, বাস্তুতন্ত্র, পরিকাঠামো এবং দুর্বল অর্থনৈতিক খাতগুলিতে পড়া প্রভাবগুলি নিয়ে মূল্যায়ন করা সহ স্টেট সত্তা এবং স্থানীয় অঞ্চলগুলি জলবায়ু পরিবর্তনের সাথে যাতে সমানভাবে মানিয়ে নিতে পারে তা নিশ্চিত করার জন্য **একটি বিস্‌তৃত অভিযোজন এবং শক্তিশালী পরিকল্পনা তৈরি করা।**

- **জলবায়ু সংক্রান্ত ঝুঁকি বোঝার এবং তার পরিপেক্ষিতে পদক্ষেপ নেওয়ার** জন্য ওয়েব-ভিত্তিক খরা পূর্বাভাস সরঞ্জাম, আরবান হিট আইল্যান্ড ম্যাপিং এবং মডেলিং সংস্থান, স্টেটের স্টর্মওয়াটার ডিজাইন ম্যানুয়ালের একটি আপডেট যা জলবায়ু পরিবর্তনের সাথে যুক্ত ঝড় বৃষ্টির তীব্রতা জানাবে — এইসব **সর্বজনীন সরঞ্জামগুলি দেবেন।**
- **নিউইয়র্ক স্টেট আবহাওয়া প্রভাব মূল্যায়ন, থেকে জলবায়ু অনুমান প্রকাশ করবেন**, জলবায়ু পরিবর্তন কীভাবে এম্পায়ার স্টেটের সম্প্রদায়, বাস্তুতন্ত্র, পরিকাঠামো এবং শিল্পকে প্রভাবিত করছে তার সাম্প্রতিকতম বৈজ্ঞানিক তদন্ত নিয়ে জানাবেন। এই তথ্য নিউ ইয়র্কবাসীদের জলবায়ু অভিযোজন সম্পর্কে অবগত সিদ্ধান্ত নিতে সাহায্য করবে।
- **উপকূলীয় ক্ষয়ক্ষতি ঝুঁকিপূর্ণ এলাকা (Update Coastal Erosion Hazard Area, CEHA) এর মানচিত্রগুলি** আপডেট করবেন, যা সৈকত, বালিয়াড়ি এবং খাড়া পাহাড়গুলির সুরক্ষার জন্য প্রয়োজনীয়। এগুলো বন্যা প্রতিরোধক ক্ষমতা বজায় রাখে এবং উন্নত করে, যাতে সম্প্রদায় এবং অনুমতিপ্রাপ্ত আবেদনকারীরা অতি দ্রুত নির্ধারণ করতে পারে যে কোনও সম্পত্তি CEHA এর আওতায় রয়েছে কিনা।
- সংখ্যাগত জলভাগের মডেলিং তৈরি করে **মোহক এবং ওসওয়েগো নদী অববাহিকা বন্যা মোকাবিলায় প্রস্তুত করা এবং বন্যা প্রতিরোধ করা।** এই মডেলিং পরিকল্পনা এবং আপৎকালীন পূর্বাভাসকে অবহিত করবে, যা সমস্ত স্টেট সংস্থাগুলির মাধ্যমে মূল্যায়ন এবং ব্যবহার করা হবে।

<u>নিউইয়র্কের সবচেয়ে দুর্বল মানুষদের রক্ষা করা</u>
গভর্নর হোকল, 2022 স্টেট অফ দ্যা স্টেট অংশ হিসাবে গঠিত ইন্টারএজেন্সি কার্যনির্বাহী বিভাগ, অত্যাধিক উষ্ণতা অভিযোজন পরিকল্পনা (Extreme Heat Adaptation Plan, EHAP) থেকে মূল সুপারিশগুলির উন্নয়ন করবেন। কর্মসূচির মধ্যে রয়েছে:

- **ক্লিন গ্রিন স্কুলস কর্মসূচির মাধ্যমে স্কুলের শীতলীকরণ ক্ষমতার জন্য অর্থায়ন বাড়ানো।** যারা শীতল করার ব্যবস্থা স্থাপন করার জন্য এই কর্মসূচির অন্তর্ভুক্ত তহবিল পায়, স্টেট সেই সব সম্প্রদায়কে উৎসাহিত করবে যাতে তারা এগুলি প্রচণ্ড গরমের সময় সম্প্রদায়ের ব্যবহারের জন্য খুলে দেয়, ফলে তাপজনিত অসুস্থতা বা মৃত্যুর ঘটনা প্রতিরোধ করা যায়।
- **অত্যাধিক তাপমাত্রা থেকে চিকিৎসাগতভাবে সবচেয়ে ঝুঁকিপূর্ণদের রক্ষা করার জন্য এয়ার কন্ডিশনার সরবরাহ করা।** স্বাস্থ্য বিভাগ, অংশগ্রহণকারীদের স্বাস্থ্য রক্ষার উদ্দেশ্যে এয়ার কন্ডিশনার সরবরাহের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা নিতে স্বাস্থ্য পরিকল্পনার সাথে কাজ করবে।

<u>নিউইয়র্কের পরিকাঠামো রক্ষা করা</u>
নিউইয়র্কের পরিকাঠামো চরম আবহাওয়ার জন্য প্রস্তুত কিনা তা নিশ্চিত করার জন্য, গভর্নর হোকল:

- **পুরনো বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প মেরামত করবেন এবং ঝুঁকিপূর্ণ বাঁধগুলি অপসারণ করবেন।** 95 মাইল দেওয়াল এবং লেভেলগুলি সহ, বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পগুলি, সংস্কার, অপসারণ ও মেরামত। পৌরসভা ও স্টেটের মালিকানাধীন বাঁধগুলোকে অপসারণ, সংস্কার, উন্নতি ও আধুনিকীকরণ করার মাধ্যমে বন্যার ঝুঁকি কমাতে এবং পরিবেশগত সংযোগ পুনরুদ্ধারের জন্য একটি কর্মসূচি মঞ্জুর করার জন্য গভর্নর হোকল DEC কে নির্দেশ দেবেন।
- সবুজ ছাউনি এবং প্রবেশযোগ্য ফুটপাথ সহ— স্টেট জুড়ে সবুজ পরিকাঠামো গড়ে তোলার জন্য একটি **সুপারচার্জড গ্রিন রেসিলিয়েন্সী গ্রান্ট প্রোগ্রাম** চালু করবেন।
- **স্টেট সংস্থাগুলিকে আরও শক্তিশালী এবং জলবায়ু প্রতিরোধী করে তোলা** সরাসরি স্টেট সুবিধাগুলিতে সমর্থন করার জন্য তহবিল বিনিয়োগ করা এবং সেইসব ক্রয় শুরু করা যা টেকসই এবং জলবায়ু-প্রতিরোধী নকশার ব্যবহারকে অগ্রাধিকার দেয় – স্টেট ক্রিয়াকলাপের সাথে সম্পর্কিত নির্গমন হ্রাস করার সাথে সাথে আমাদের পরিকাঠামোকে সবুজ করে তোলা।
- **আমাদের প্রাকৃতিক জলপথ ও জলাশয় উন্নয়নে বিনিয়োগকে অগ্রাধিকার দেওয়া** এবং এই লক্ষ্যে 'রেসিলিয়েন্ট ওয়াটারশেডস ইমপ্লিমেন্টেশন গ্রান্ট প্রোগ্রাম' চালু করা। নতুন অনুদান কর্মসূচি চালু করা যা, স্টেট ওয়েস্টচেস্টার কাউন্টিতে অগ্রাধিকার প্রাপ্ত বন্যা প্রশমন প্রকল্পগুলিকে অর্থায়ন করবে। এর পাশাপাশি গভর্নর হোকল DEC কে বন্যার ঝুঁকিপূর্ণ জলাশয়ে 40টি অত্যাধুনিক বন্যা প্রতিরোধী গবেষণা চালানোর নির্দেশ দেবেন।
- **ক্লাইমেট স্মার্ট কমিউনিটিস প্রোগ্রামের** সম্প্রসারণ করা, এই কর্মসূচির মাধ্যমে দরিদ্র এলাকাগুলিকে সর্বাধিক অনুদান প্রদান করা হবে।
- জলবায়ু পরিবর্তনের প্রতিরোধ ক্ষমতা এবং সম্পদ ব্যবস্থাপনাকে অগ্রাধিকার দেওয়ার জন্য জল পরিকাঠামো তহবিলের জন্য **নিয়ন্ত্রক স্কোরিং পদ্ধতি আপডেট** করবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418